

Visit of Minister of State for External Affairs and Culture Smt. Meenakashi Lekhi to Norway, Iceland and Malta (August 16-23, 2022)

August 24, 2022

বিদেশ ও সংস্কৃতি প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাঙ্কী লেখিৰ নৱওয়ে,
আইসল্যান্ড এবং মাল্টা সফর (অগাষ্ট 16-23, 2022)

অগাষ্ট 24, 2022

বিদেশ ও সংস্কৃতি প্রতিমন্ত্রী (এমওএস) শ্রীমতী মীনাঙ্কী লেখি 16-23 অগাষ্ট 2022
-এ নৱওয়ে, আইসল্যান্ড এবং মাল্টা সফর করেছেন।

2. নৱওয়েতে তার সফরকালে (16-18 অগাষ্ট) প্রতিমন্ত্রী, নৱওয়ের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী শ্রীমতী অ্যানিকেন হইটফেল্ড-এর সাথে সাক্ষাৎ করেছেন এবং মহা সচিব শ্রীযুক্ত টর হ্যাটারেম ও সেই সাথে নৱওয়ের বিদেশমন্ত্রকের রাষ্ট্র সচিব শ্রীযুক্ত এরলিং রিমেস্ত্যাডের সাথে বৈঠক করেছেন। এই সকল বৈঠকগুলিতে বাণিজ্য ও বিনিয়োগে, ক্ল ইকোনমিতে, শক্তি ক্ষেত্রে, উত্তর মেরু অঞ্চলে, সংস্কৃতি ও জনগণের সাথে জনগণের মৈত্ৰী বন্ধন ক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলোচনা করা হয়েছে। পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যাগুলি নিয়েও আলোচনা করা হয়েছে।

3. 17 ই অগাষ্ট তারিখে প্রতিমন্ত্রী, নৱওয়ের জলবায়ু ও পরিবেশ মন্ত্রী শ্রীযুক্ত এসপেন বার্থ এইড-এর সাথে একসাথে ভারত-নৱওয়ে গ্রীণ এনার্জি সহযোগিতার উপরে একটি প্যানেল ডিসকাশনে অংশগ্রহণ করেছেন। এই আলোচনাতে প্রতিমন্ত্রী জলবায়ু কার্যের লক্ষ্যমাত্রা অর্জনে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতিকে তুলে ধরেন।

4. প্রতিমন্ত্রী তার সফরে শ্রী গুরু নানক দেব জী গুরুদ্বার (নৱওয়েতে প্রথম গুরুদ্বার)-এ শিখ সম্প্রদায়ের সদস্যদের সাথে আলাপচারিতা করেছেন। তিনি একটি গোষ্ঠী সমাবেশে প্রণবন্ত ভারতীয় অভিবাসীদের প্রায় 150 জন বিশিষ্ট সদস্যদের সাথেও আলাপআলোচনা করেছেন। অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন, বৈজ্ঞানিক, তথ্যপ্রযুক্তি পেশাদার, ব্যবসায়ী, যুবা এবং ছাত্রছাত্রী। এছাড়াও প্রতিমন্ত্রী ঐতিহাসিক বোটানিক্যাল গার্ডেন-এ একটি বৃক্ষ রোপন করেছেন ও একটি যোগ ব্যায়াম অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন।

5. 19-20 অগাষ্ট 2022-এ প্রতিমন্ত্রী আইসল্যান্ড সফর করেছেন। সফরকালে প্রতিমন্ত্রী আইসল্যান্ডের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী শ্রীমতী থরডিস কোলরান গিলফাডোত্তির সাথে সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক ও সেইসাথে আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যাবলী নিয়ে মত বিনিময় করেছেন। দুই পক্ষ মৎস্য চাষ, ভূতাপীয় শক্তি, উদ্ভাবন, বাণিজ্য ও বিনিয়োগ, পর্যটন, সংস্কৃতি এবং জনগণের সাথে জনগণের আদানপ্রদান বৃদ্ধিতে সহযোগিতা বাড়াবার জন্য সম্মত হয়েছে। প্রতিমন্ত্রী, আইসল্যান্ডের সংস্কৃতি ও বাণিজ্য বিষয়ক মন্ত্রী শ্রীমতী লিজা অ্যালফ্রেডসদোত্তির – এর সাথেও সাক্ষাৎ করেছেন এবং যোগা, চলচ্চিত্র, সঙ্গীত, প্রায়গিক শিল্পকলা এবং পর্যটন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করেছেন। প্রতিমন্ত্রী আইসল্যান্ডের সংসদের স্পিকার শ্রীযুক্ত বির্জির আরমানসনের সাথেও সাক্ষাৎ করেছেন এবং দুইদেশের মধ্যে সংসদীয় সহযোগিতা বিষয় নিয়েও আলোচনা করেছেন।

6. প্রতিমন্ত্রী, ডায়াবেটিক রোগীদের চক্ষু পরীক্ষার ক্ষেত্রে শংকর নেত্রালয় ও স্থানীয় একটি স্বাস্থ্য প্রযুক্তি কোম্পানি, রেটিনা রিস্ক –এর মধ্যে একটি মৌ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানেরও সাক্ষী থেকেছেন।

7. প্রতিমন্ত্রী, “পরিবর্তিত বিশ্ব ভারতের ভূমিকা- ভারত@75” বিষয়ের উপরে আইসল্যান্ডের বিশ্ববিদ্যালয়ে ভাষণ প্রদান করেছেন। সেই অনুষ্ঠানে এক বিশাল সংখ্যক শিক্ষার্থী, অনুশদ, গবেষক এবং আবাসিক কূটনীতিকরা উপস্থিত ছিলেন। তিনি ভারতীয় দূতাবাসে একটি যোগ ব্যায়াম অনুষ্ঠান, জন্মাষ্টমী অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন এবং একটি বৃক্ষের চারা রোপন করেছেন। তিনি হারপা কনসার্ট হলে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেও উপস্থিত ছিলেন যেখানে এক বিশাল সংখ্যক ভারতীয় গোষ্ঠীর সদস্যরাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটিতে সংস্কৃতি ও বাণিজ্য বিষয়ক মন্ত্রী উপস্থিত থেকে অনুষ্ঠানটির শ্রীবৃদ্ধি করেছেন।

8. মাল্টা সফরকালে (21-23 অগাষ্ট) প্রতিমন্ত্রী মাল্টার রাষ্ট্রপতি ডঃ জর্জ ভেল্লার সাথে সাক্ষাৎ করেছেন এবং মাল্টার বিদেশমন্ত্রী ডঃ ইয়ান বর্গ , পর্যটন মন্ত্রী ডঃ ওয়েন বোল্লিচি, জাতীয় ঐতিহ্য, শিল্পকলা ও স্থানীয় সরকার মন্ত্রীর সাথে বৈঠক করেছেন। উভয় পক্ষের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিশেষতঃ বাণিজ্য ও বিনিয়োগ, সামুদ্রিক সহযোগিতা, সৌর শক্তি, পর্যটন ও সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। মাল্টার তরফ থেকে সেই দেশে 112টি ভারতীয় কোম্পানির, বিশেষতঃ ফার্মাসিউটিক্যাল ও আইসিটি ক্ষেত্রে অবদানের প্রশংসা করা হয়েছে। ভবিষ্যৎ সহযোগিতার ক্ষেত্রে স্বাস্থ্য ও ফিনটেক ক্ষেত্রে চিহ্নিত করা হয়েছে। উভয় পক্ষ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যা নিয়েও মত বিনিময় করেছে।

9. প্রতিমন্ত্রী মেডিটেরানিয়ান একাডেমী অব ডিপ্লোম্যাটিক স্টাডিজ –এর ডিরেক্টর ও বোর্ড সদস্যদের সাথে, যেটির সাথে সুষমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরেন সার্ভিস-এর মৌ স্বাক্ষরিত রয়েছে, আলাপ আলোচনা করেছেন এবং দুই দেশের ডিপ্লোম্যাটিক ইন্সটিটিউটের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করার উপায় নিয়ে আলোচনা করেছেন।

10. বিদেশমন্ত্রীর আমন্ত্রণে, প্রতিমন্ত্রী ডিংগিল উৎসবে অংশগ্রহণ করেছেন এবং সেইসাথে একটি গোষ্ঠী অনুর্থানেও অংশগ্রহণ করেছেন । সেখানে তিনি ভারতীয় অভিবাসী সদস্যদের সাথে আলাপ আলোচনা করেছেন। প্রতিমন্ত্রী একটি যোগ ব্যায়াম অনুর্থানেও অংশগ্রহণ করেছেন এবং মাল্টার উডল্যান্ডস বাস্কেট-এ একটি বৃক্ষচারা রোপন করেছেন।

নিউ দিল্লি

অগাস্ট 24, 2022

New Delhi

August 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.